2

INDIA

५०० रु.  Rs. 500

भारत

पाँच सौ रुपया  FIVE HUNDRED RUPEES

... under rule 21 and also ... section 12, 18 and 26C of the Bengal Tenancy Act VIII of 18.. amendment Act 1928 or as amended by Act VI of 1938

Duly stamped under the Indian Stamp Act ... Rule 1 A No ...

Fee paid: ... in Court-fee Stamp

Fee Paid :-

A 235.50
H 15.00
... 2.--
N 0.50
Rs. 253.00

... 18.11.66

... Registrar,
24-Parganas

| উকবালা গৃহিতা – | কোবালা দাতা – |
|---|---|
| শ্রী লক্ষ্মী চরন ঘোষ | শ্রী জগদানন্দ মুখোপাধ্যায় |
| পিতা ৺ জ্যোতিষ চন্দ্র ঘোষ | পিতা ৺জহর লাল মুখোপাধ্যায় |
| জাতি হিন্দু পেশা চাকুরি – | জাতি হিন্দু পেশা ব্যবসায় |
| সাং ৫১.এ নং নুরারবন স্কুল | সাং জগদল থানা সোনারপুর |
| রোড, হাল সাং পি ২৪৫ নং | হাল সাং ৮ নং নেপাল ভট্টাচার্য্য |
| লেক স্কোয়ার ~~স্ট্রীট~~, থানা টালিগঞ্জ | ফার্স্ট লেন ,থানা টালিগঞ্জ |
| কলিকাতা – ২৯ । | কলিকাতা – ২৬ । |

মোট মাপ সুরত ১।০।।.৯ এক বিঘা পাঁচ কাঠা আট ছটাক নয় স্কোয়ার ফিট বাগান জমি মায় আওলাতাদি দখলস্বত্ব হক হকুক বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যনঞ্চাগে – জেলা ২৪ পরগণা থানা সোনারপুর

500Rs.

3

INDIA NON JUDICIAL

৫০০রু

Rs500

পাঁচ শত টাকা FIVE HUNDRED RUPEES

121

সবরেজেষ্ট্রী বারুইপুর পরগণা মাগুরা ৮২ নং তৌজি ভুক্ত রেঃ নাঃ নং ২৩৩ জেঃ এলঃ নং ৭১ মৌজা রাজপুর গ্রামের রিভিসন্যাল সেটেলমেন্টের ৯৭২ নং খতিয়ানের বার্ষিক ৩৷৵৩ পাই টাকা করের রায়তি দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৯৮৫ নং ও ৯৮৬ নং দাগের ৮৪ শতক বাগান জমি ও অন্যান্য জমি আদি কোবালা দাতা আমার পিতা ৺ জহর লাল মুখোপাধ্যায়ের স্বত্বীয় ও ভোগদখলী সম্পত্তি থাকে। আমার পিতা পাঁচ পুত্র শ্রী গিরীজা ভূষণ মুখোপাধ্যায়, শ্রী শরদিন্দু মুখোপাধ্যায়, শ্রী সনরেন্দ্র মুখোপাধ্যায়, শ্রী হর কিঙ্কর মুখোপাধ্যায় ও আমাকে ওয়ারেশ রাখিয়া পরলোক গমন করিলে আমরা উক্ত পাঁচ ভ্রাতা পিতৃত্যক্ত সমুদয় সম্পত্তি প্রাপ্ত হইয়া এজমালে তুল্যাংশে ভোগদখল করিতে থাকি। শ্রী হর কিঙ্কর মুখোপাধ্যায় পিতৃত্যক্ত সমুদয় সম্পত্তির তাঁহার ১/৫ অংশ প্রথমে ১২।৪।৫৫ তারিখে

500Rs.

4

35Rs.

पैंतीस रुपया

भारत

INDIA

35 रु.

35RS

THIRTY FIVE RUPEES



মুখোপাধ্যায়, শ্রী সমরেন্দ্র মুখোপাধ্যায় ও আমাকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। তাহাতে শ্রী গিরিজা ভূষণ মুখোপাধ্যায়ের পিতার ওয়ারেশ সূত্রে প্রাপ্ত ৴৪গণ্ডা অংশ থাকে এবং শ্রী শরদিন্দু মুখোপাধ্যায়, শ্রী সমরেন্দ্র মুখোপাধ্যায় ও আমার প্রত্যেকে পিতার ওয়ারেশ সূত্রে ও ভ্রাতার নিকট খরিদ বলে ।৫।– ক্রান্তি অংশ বর্ত্তায় এবং তদনুযায়ী হাল সেটেলমেন্ট খতিয়ানে চারি ভ্রাতার অংশ সঠিক ভাবে রেকর্ড হইয়াছে। পরে আমাদের চারি ভ্রাতার মধ্যে আপোষে পার্টিশান হইলে আমি কোবালাদাতা আমার ।৫।– ক্রান্তি অংশে ৯৭২ নং খতিয়ানের ৯৮৫ নং দাগের .৪৮ শতক বাগান জমি ও অন্যান্য জমি পৃথক ভাবে প্রাপ্ত হইয়া অন্যের নিরাংশে ভোগদখল করিয়া আসিতেছি। আমার ভ্রাতা শ্রী শরদিন্দু মুখোপাধ্যায় নিজ কার্য্য উপলক্ষ্যে বিহার প্রদেশে মুঙ্গের জেলায় যাইবার মনস্থ করিয়া নিজ জমি জমার তত্ত্বাবধান বিক্রয় বন্ধক হস্তান্তরাদি সর্ব্ববিধ কার্য্য করার জন্য ভ্রাতা শ্রী সমরেন্দ্র মুখোপাধ্যায়ের অনুকূলে ৩০.১০.৬৪ তারিখে একটি জেনারেল পাওয়ার অব এটর্ণী দলিল রেজেষ্ট্রী করিয়া দেন উক্ত আমমোক্তার নামা অদ্যাবধি বলবৎ আছে এবং শ্রী সমরেন্দ্র মুখোপাধ্যায় ভ্রাতা

500Rs.

5

4RS50nP

INDIA

চার টাকা পঞ্চাশ নয়া পয়সা

FOUR RUPEES भारत FIFTY NAYE PAISE

।৪।

শ্রী শরদিন্দু মুখোপাধ্যায়ের আমমোক্তার স্বরূপ কার্য্যাদি করিতেছেন। আমি নিজ ব্যবসায়ের প্রয়োজনে আমার পরিচিত শ্রী সৌরেন্দ্র কুমার দত্তের নিকট হইতে ৯০০০্ টাকা কর্জ্জ লইয়া তাঁহার বরাবর ৩১.৩.৬৫ তারিখে এককেতা বন্ধক দলিল রেজেষ্ট্রী করিয়া দিই এবং তাঁহার সহিত চুক্তি থাকে যে ১৯৬৬ সাল মধ্যে তাঁহার টাকা তাঁহাকে দিলে তিনি আমার বরাবর উপযুক্ত দলিল রেজেষ্ট্রী করিয়া দিবেন। আমি গত ৫.১০.৬৬ তারিখে তাঁহার টাকা দিবার জন্য মহাশয়ের নিকট হইতে ১২৫০০্ বার হাজার পাঁচ শত টাকা লইয়া উক্ত শ্রী সৌরেন্দ্র কুমার দত্তর দ্বারা এককেতা রিলিজ দলিল আমার বরাবর সম্পাদন ও রেজেষ্ট্রী করাইয়া লইয়া উক্ত ৯৮৫ নং দাগের জমি মধ্যে একুইজিসন বাদে মাপসুরত ১|০||.৯ বিঘা জমি মহাশয়কে প্রতিকাঠা ১৫০০্ এক হাজার পাঁচশত টাকা পণ হিসাবে বিক্রয় করার চুক্তি করিয়া উক্ত তারিখে মহাশয়ের নিকট হইতে ১২,৫০০্ টাকা গ্রহণ করতঃ বরাবর এককেতা বায়নাপত্র যথারীতি রেজেষ্ট্রী করিয়া উক্ত জমিতে মহাশয়কে

কর্ত্তৃক গৃহিত হয় নাই বা উক্ত রূপে গঠণের জন্য ...

L 696 500Rs.

6



দখল দিয়াছি। উক্ত বায়না পত্রের চুক্তি অনুযায়ী পরে আমার টাকার প্রয়োজন হওয়ায় ১৭.১০.৬৬ তারিখের রসিদ মূলে আরও ৩০০০্ তিন হাজার টাকা মহাশয়ের নিকট হইতে লইয়াছি। উক্ত পণ হিসাবে উক্ত ১০।।০৯ বিঘা জমির ধার্য্য পণ ৩৮২৬৮.৭৫ পয়সা মধ্যে পণের বক্রী ২২৭৬৮.৭৫ পয়সা আমার পাওনা ছিল। উক্ত ১০।।০৯ বিঘা জমি অত্র দলিল সংলগ্ন নক্সায় লাল সীমা রেখা বেষ্টিত রূপে প্রদর্শিত হইল। আপনার বরাবর বায়না সম্পাদনের পর উক্ত বায়না কৃত জমি আমার একার সম্পত্তি ও উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় থাকা ইত্যাদি প্রচারে আমি ৫.১০.৬৬ তারিখে আলিপুরের প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট আদালতে একখানি এফিডেভিট করিয়া মহাশয়কে দিয়াছি। উক্ত চুক্তি মূলে অদ্য তারিখে মহাশয় পণের বক্রী ২২৭৬৮.৭৫ পয়সা আমাকে নগদ আদায় দেওয়ায় আমি নিম্ন ন্যায়মত পণের সমুদয় ৩৮২৬৮.৭৫ পয়সা প্রাপ্ত হইয়া ও উহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা মূলে উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় মহাশয়কে বিক্রয় করিয়া প্রকাশ প্রচার স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে উক্ত সম্পত্তি বিক্রয় করার আমার সম্পূর্ণ হক ও অধিকার আছে। আমার অন্য কোনও ভ্রাতার উক্ত সম্পত্তিতে কোনও প্রকার সত্ত্ব স্বামীত্ব বা দাবী দাওয়া নাই। উক্ত সম্পত্তি সম্বন্ধে কোনও আদালতে কোনও মামলা মোকদ্দমা চলতি নাই বা উহা কোনও আদালত হইতে ক্রোক করা নাই বা কাহারও জামিনে কোথাও আবদ্ধ নাই। উক্ত জমি কোনও দেবোত্তর ভুক্ত নহে বা উহাতে কোনও মন্দিরাদি নাই। উক্ত ৯৮৫ নং দাগের দক্ষিণ সীমানার কিছু জমি গভর্ণমেন্ট কর্ত্তৃক সাধারণের রাস্তা প্রস্তুত করার জন্য গৃহিত হইয়াছে। অত্র দলিলে বিক্রীত — ১০।।০৯ বিঘা জমি বা উহার কোনও অংশ গভর্ণমেন্ট বা কোনও পাবলিক বডি কর্ত্তৃক গৃহিত হয় নাই বা উক্ত রূপে গ্রহণের জন্য কোনও [illegible]

হইতে রিলিজ পত্র লইবার পর আমি উক্ত জমি দান বিক্রয় বন্ধকাদি দ্বারা কোনও প্রকারে দান বিক্রয় বন্ধকাদি দ্বারা হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উক্ত সম্পত্তিতে কোনও প্রকার চার্য্য নাই। মহাশয় ভিন্ন অপর কাহারও সহিত উক্ত সম্পত্তি বিক্রয়ের চুক্তি করি নাই বা অন্য কাহারও নিকট হইতে বায়না বাবদ কোনও টাকা লই নাই। উক্ত সম্পত্তি আমার খাস দখলে ছিল এবং আপনাকে সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করার চুক্তি করিয়া মহাশয়ের খাস দখলে দিয়াছি। অদ্য হইতে মহাশয় উক্ত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলকার হইয়া ওয়ারেস ও স্থলাভিষিক্ত গণ ক্রমে চিরতরে উক্ত সম্পত্তি ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি ওয়ারেস ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কোনও ওজর আপত্তি করিতে পারিব না ও করিব না এবং করিলেও সর্বত্র অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে। প্রকাশ থাকে যে অত্র দলিলে আমার স্বত্ব দখলাদি সম্বন্ধে যে সমস্ত উক্তি করিলাম তাহার কোনও একটি মিথ্যা বা অপ্রকৃত প্রকাশ পাইলে আমি যথাযোগ্য আইন আমলে আসিব এবং তজ্জন্য মহাশয়ের যে কিছু ক্ষতি খেসারৎ হইবে তাহা উপযুক্ত খরচা ও ড্যামেজ সহ পূরণ করিতে বাধ্য থাকিলাম। আমার কৃত কার্য্যের দ্বারা বা করনীয় কোনও কার্য্য না করার দরুণ ভবিষ্যতে মহাশয়ের খরিদা স্বত্ব বা দখলের কোনও প্রকার — হীনতা ন্যূনতা বা বাধা বিঘ্ন হইলে ওয়ারেস ও স্থলাভিষিক্ত গণ ক্রমে আমি পণের সমুদয় বা আংশিক টাকা উপযুক্ত খরচা ও ড্যামেজ সহ ফিরৎ দিতে বাধ্য থাকিলাম। উক্ত সম্পত্তি রাজপুর মিউনিসিপ্যালিটী ভুক্ত ডাঃ বিধান চন্দ্র রায় রোড রাস্তার ৩৫ নং হোলডিং ভুক্ত হইতেছে। মহাশয় উক্ত মিউনিসিপ্যালিটীতে ও পশ্চিমবঙ্গ সরকারে সনজ নাম পত্তনে নিজ নামে ট্যাক্স বিল ও দাখিলা লইবেন এবং তাহাতে আমি সর্ব প্রকার

গ্যারান্টিতে ও পশ্চিম বঙ্গ সরকারের দেয় কোনও ট্যাক্স বা খাজনা বাকি থাকা প্রকাশ পাইলে আমি তাহা নিজ তহবিল হইতে আদায় দিয়া বিল ও দাখিলা মহাশয়কে দিব । আমি কোবালা দাতা আরও প্রকাশ করিতেছি যে শ্রী সৌরেন্দ্র কুমার দত্তের বরাবর আমার সম্পাদিত ও রেজেষ্ট্রীযুক্ত দলিল ও শ্রী সৌরেন্দ্র কুমার দত্ত সম্পাদিত ও রেজেষ্ট্রীকৃত রিলিজ পত্র দলিলার্থে মহাশয়কে দিলাম । বিক্রীত ১।০।।০৯ বিঘা সম্পত্তি এত সংলগ্ন নকসায় লাল সীমা রেখা বেষ্টিত করতঃ প্রদর্শিত হইল ।

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় সুচছন্দ চিত্তে এত দলিল পড়িয়া শুনিয়া মর্ম সম্যক অবগত হইয়া অন্যের বিনানুরোধে সরল অন্তঃ করনে এত কোবালা পত্র যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি তাং ২রা অগ্রহায়ণ ১৩৭৯ সাল ইং ১৮.১১.৭২

## তপশীল—

### বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ—

জেলা ২৪ পরগণা থানা সোনারপুর সবরেজেষ্ট্রী বারুইপুর পরগণা মাগুরা ৮২ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২৩৩ জেঃ এলঃ নং ৭১ মৌজা জগদল গ্রামের ৯৭২ নং খতিয়ানের বার্ষিক ৩।।৴৩ পাই টাকা করের রায়তি দখলী সত্ত্ব বিশিষ্ট সত্ত্বের ৯৮৫ নং ও ৯৮৬ নং দাগের ৮৪ শতক মোট বাগান জমি মধ্যে ৯৮৫ নং দাগের ৪৮ শতক বাগান জমি মধ্যে গভর্ণমেন্ট কর্তৃক গৃহিত জমি বাদে ১।০।।০৯ এক বিঘা পাঁচ কাঠা আট ছটাক নয় স্কোয়ার ফিট বাগান জমি — সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় হইল । উক্ত জমি এত সংলগ্ন নকসায় লাল সীমা রেখা বেষ্টিত রূপে প্রদর্শিত হইয়াছে । বিক্রীত জমির চৌহদ্দি ঃ—

উত্তর ঃ— ~~[illegible]~~ ৯৮৪ নং দাগের জমি ।

পূর্ব্ব ঃ— ১০৪৫ ও ১০৪৪ নং দাগের জমি ।

৭

।৮।

পশ্চিম – কোবালা দাতা ও তাঁহার ভ্রাতাগণের প্রাইভেট প্যাসেজ পরে ৯৮৬ নং দাগের জমি ।

বিক্রীত জমির হারাহারি বার্ষিক খাজনা ১'১২ পয়সা টাকা পশ্চিম বঙ্গ প্রদেশ পক্ষে আলিপুর কালেক্টারীতে দেয় হইতেছে । বিক্রীত জমির মূল্য ৩৮২৬৮'৭৫ পয়সা টাকা মাত্র ।

| খং নং | দাগ নং | রকম | পরিমান – |
|---|---|---|---|
| ৯৭২ নয়শত বাহাত্তর | ৯৮৫ নয়শত পঁচাশী | বাগান | '৪৮ শতক মধ্যে '৩৮১/২ শতক অর্থাৎ ১।০।১০৯ বিঘা । |

উক্ত জমি রাজপুর মিউনিসিপ্যালিটীর ৫ নং ওয়ার্ড ভুক্ত ভাঙ্গার বি সি রায় রোডের ৩৫ নং হোলডিং ভুক্ত হইতেছে ।

পণের জায়


| | |
|---|---|
| ৫।১০।৬৬ তারিখের বায়না মূলে | ১২৫০০, |
| ১৭।১০।৬৬তারিখের রসিদ মূলে | ৩০০০, |
| অদ্য তারিখে ঃ– | |
| ১০০, টাকার নোট ২২৭ কেতা | ২২৭০০, |
| ১০, টাকার নোট ৬ কেতা | ৬০, |
| ১, টাকার নোট ৮ কেতা | ৮, |
| খুচরা – '৭৫ পয়সা | '৭৫ |
| | ৩৮২৬৮'৭৫ |

৩৮২৬৮'৭৫ আটত্রিশ হাজার দুইশত আটষট্টী টাকা পঁচাত্তর পয়সা মাত্র ।

ইসাদি ঃ–

Hirendranath Basu
Plead.
Judge's Court Alipore.
18.11.66.

A PLAN SHOWING THE LAND AT MOUJA JAGADDAL; J. L. No. 71; C. S. PLOT No. 985; P. S. SONARPUR. DIST. 24. PARGANAS; SCALE 40'=1" INCH.



ইং ১৯৬৬ সালের ১৮ই নভেম্বর

শ্রী লক্ষ্মী চরন ঘোষ – কোবালা গ্রহিতা

এবং

জগদানন্দ মুখোপাধ্যায় – কোবালা দাতা

বিক্রয় কোবালা

দলিল

Sub-Registrar, 24 Parganas

Book No. I

Volume No. 104

Pages 265 to 269

Being No. 5572

for the year 1966

Sub-Registrar, 24-Parganas